

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০২৬.১৮ **ন৪৩**

তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২২
অগ্রনাম্ব ১৪২৯
৬ লৌহ

প্রাপকঃ জনাব মো: তৌফিক আহম্মদ
অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া
মোবাইলঃ ০১৭১১৪৫৮৩৩৬।
ইমেইলঃ taufiqkgc@gmail.com

বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল।


গবেষণার শিরোনামঃ “Role of Bangladesh in Combating Terrorism within SAARC Framework”- শীর্ষক পিএইচডি গবেষণা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ০১/০৭/২০১৮ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ছিল ৩৬ (ছত্রিশ) মাস। পিএইচডি গবেষণার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ১৯/০৫/২০২২ তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০২৬.১৮-৩৫০ এর মাধ্যমে চুক্তি বাতিলের বিষয়ে আপনার মতামত চাওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে এ বিষয়ে মতামত/আবেদন না পাওয়ায় গত ২৪/০৮/২০২২ তারিখের পত্র নং-২০.০০.০০০০.৩০৯.০২.০২৬.১৮-৩৫০ এর মাধ্যমে ডাক ও মেইল মারফত চূড়ান্ত তাগিদপত্র দেয়া হয়। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পত্রের জবাব পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, উপরোল্লিখিত শিরোনামের পিএইচডি গবেষণা কর্মটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে না পারায় সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে ০১/০৭/২০১৮ তারিখে আপনার সম্পাদিত চুক্তিটি চুক্তিনামার 'ঘ' উপঅনুচ্ছেদে বর্ণিত শর্ত অনুযায়ী নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


আন্তরিকভাবে আপনার

১৮/১২/২০২২
(মোঃ কুফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০২৬.১৮

তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২২
অগ্রনাম্ব ১৪২৯
৬ লৌহ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (পিটিসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির Webportal এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।


১৮/১২/২০২২
(মোঃ কুফর রহমান)
গবেষণা কর্মকর্তা